গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
**ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-০৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.৫০১.১১.০১৪.২০-৬৩

তারিখ: ১৯ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ / ০২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি-৫ এন ২

শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর আওতায় জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর নিম্নলিখিত শূন্য পদসমূহ প্রকল্প মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে কোম্পানির আকর্ষণীয় বেতন স্কেলে নিম্নেবর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের গ্রুপের নাম ও কোম্পানির বেতন গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)<br>[ট্রান্সপোর্ট পুল/আরএস/বিএম/ডিপো ইক্যুইপমেন্ট]<br>কোম্পানির বেতন গ্রেড-৯ | ৭(সাত)টি | • কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম স্নাতক ডিগ্রি; এবং<br>• স্নাতকে প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে অন্যূন সিজিপিএ ৩.০০ থাকতে হবে; |
| ২. | সহকারী প্রকৌশলী (সিভিল)<br>[ইউ-১, ইউ-২, ইউ-৩, ইউ-৪, ইউ-৫ ও ইউ-৬/ই-১ ও ই-২/সিএস এন্ড আইডি/ টিপি এন্ড ইউটিলিটি/ ডিপো/ট্র্যাক]<br>কোম্পানির বেতন গ্রেড-৯ | ১৪(চৌদ্দ)টি | • কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম স্নাতক ডিগ্রি; এবং<br>• স্নাতকে প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে অন্যূন সিজিপিএ ৩.০০ থাকতে হবে; |
| ৩. | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)<br>[ওসিএস/বিই]<br>কোম্পানির বেতন গ্রেড-৯ | ৪(চার)টি | • কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম স্নাতক ডিগ্রি; এবং<br>• স্নাতকে প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে অন্যূন সিজিপিএ ৩.০০ থাকতে হবে; |
| ৪. | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)<br>[এএফসি/এসএন্ডটি]<br>কোম্পানির বেতন গ্রেড-৯ | ৪(চার)টি | • কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (Major in Communication/Telecommunication)/ ইলেকট্রনিকস এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিকস এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম স্নাতক ডিগ্রি; এবং<br>• স্নাতকে প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে অন্যূন সিজিপিএ ৩.০০ থাকতে হবে; |
| ৫. | সহকারী প্রকৌশলী (সিএসই) (আইসিটি)<br>কোম্পানির বেতন গ্রেড-৯ | ১(এক)টি | • কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম স্নাতক ডিগ্রি; এবং<br>• স্নাতকে প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে অন্যূন সিজিপিএ ৩.০০ থাকতে হবে; |
| ৬. | সহকারী প্রকৌশলী<br>(মেটেরিয়ালস এন্ড মেটালারজিক্যাল)<br>কোম্পানির বেতন গ্রেড-৯ | ২(দুই)টি | • কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে মেটেরিয়ালস এন্ড মেটালারজিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম স্নাতক ডিগ্রি; এবং<br>• স্নাতকে প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে অন্যূন সিজিপিএ ৩.০০ থাকতে হবে; |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| ক্রম | পদের নাম ও<br>কোম্পানির বেতন গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ৭. | সহকারী প্রকৌশলী (স্থাপত্য)<br><br>কোম্পানির বেতন গ্রেড-৯ | ১(এক)টি | • কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে আর্কিটেকচার-এ ন্যূনতম স্নাতক ডিগ্রি; এবং<br>• স্নাতকে প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে অন্যূন সিজিপিএ ৩.০০ থাকতে হবে; |
| ৮. | নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা<br><br>কোম্পানির বেতন গ্রেড-৯ | ১(এক)টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে হিসাব বিজ্ঞান অথবা ফিন্যান্স-এ সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি। উভয় ক্ষেত্রে প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকিতে হবে। |
| | মোট= | ৩৪(চৌত্রিশ)টি | |

**শর্তসমূহ:**

১। শুধুমাত্র প্রকল্প মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ করা হবে। তবে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এ শূন্য পদ থাকা সাপেক্ষে কর্মসক্ষমতা ও দক্ষতার ভিত্তিতে নিয়োগে অগ্রাধিকার পাবেন।

২। প্রার্থীকে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৩। নিয়োগ বিজ্ঞপ্তি বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নের ওয়েবসাইট www.bangladesh.gov.bd, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইট www.rthd.gov.bd এবং Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৪। আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত** করে সংযুক্ত করতে হবেঃ
(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি;
(খ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;
(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি; এবং
(ঘ) প্রার্থীর নিজ এলাকার স্থানীয় পরিষদ প্রধান (যেমনঃ সিটি কর্পোরেশন মেয়র বা কাউন্সিলর, পৌরসভার মেয়র বা কমিশনার অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের ছায়ালিপি।

৫। আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্রের **মূল কপি** সংযুক্ত করতে হবে।

৬। শিক্ষাক্ষেত্রে কোনো পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ এবং সমমানের সিজিপিএ ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

৭। পরীক্ষার ফি বাবদ **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে করে মূল কপি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৮। প্রার্থীদের ০২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩২ বছর। বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর।

৯। প্রতিবন্ধী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে সনদপত্র গ্রহণ করে উহার ছায়ালিপি **প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত** করে আবেদনের সঙ্গে দাখিল করতে হবে। পদের কর্মের প্রকৃতিগত কারণে কোন কোন পদে প্রতিবন্ধী প্রার্থী নিয়োগ করা যাবে তা কর্তৃপক্ষ নির্ধারণ করবে।

১০। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাকে পিতা/মাতার মুক্তিযুদ্ধে অংশগ্রহণের প্রমাণকের ছায়ালিপি **প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত** করে আবেদনের সঙ্গে দাখিল করতে হবে।

১১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লেখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১২। আবেদন করার সময় অবশ্যই পদের গ্রুপের নাম উল্লেখ করতে হবে। [যেমন-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) বা সহকারী প্রকৌশলী (সিভিল) বা সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) [ওসিএস/বিই] বা সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) [এএফসি/এসএন্ডটি] বা সহকারী প্রকৌশলী (সিএসই) (আইসিটি) বা সহকারী প্রকৌশলী (মেটেরিয়ালস এন্ড মেটালারজিক্যাল) বা সহকারী প্রকৌশলী (আর্কিটেকচার) বা নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা]।

১৩। একজন প্রার্থী ০১(এক)টি গ্রুপের বিপরীতে আবেদন করলে ঐ গ্রুপের সকল পদের জন্য আবেদন করেছেন বলে বিবেচিত হবেন। গ্রুপের যে কোনো পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে নিয়োগ করা হবে।

১৪। খামের উপর বাম দিকে পদের গ্রুপের নাম [যেমন: সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) ইত্যাদি] এবং নিয়োগ বিজ্ঞপ্তি-৫ এন ২ উল্লেখ করতে হবে।

১৫। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/কোম্পানি/প্রকল্পে কর্মরত আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১৬। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

১৭। কোনো পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানির নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্যপরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১৯। লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সঙ্গে আনতে হবে। প্রবেশ পত্রে প্রদত্ত নির্দেশনা এই ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২০। মৌখিক পরীক্ষার সময় সকল প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও মার্কসীট, জাতীয় পরিচয় পত্র ও নাগরিকত্বের মূল সনদ প্রদর্শন করতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাকে পিতা/মাতার মুক্তিযুদ্ধে অংশগ্রহণের মূল প্রমাণক এবং প্রতিবন্ধী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

২১। যে কোনো বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২২। কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোনো শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ পদের সংখ্যা বাড়ানো, কমানো, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করে।

২৩। নিয়োগ পরীক্ষার সকল ধাপে উত্তীর্ণ কিন্তু নিয়োগের জন্য সুপারিশ প্রাপ্ত নয় এমন প্রার্থীকে ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন অন্য যে কোনো প্রকল্পে সমশিক্ষাগত যোগ্যতা সম্পন্ন শূন্য পদে নিয়োগ প্রদান করা যাবে।

২৪। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে প্রকল্পে যোগদানের সময় ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ও মুচলেকা সম্পাদন করতে হবে।

২৫। কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৬। যে কোনো ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২৭। (ক) আবেদনপত্র **আগামী ১৬ মার্চ ২০২২ তারিখ** অফিস চলাকালীন সময়ের মধ্যে কেবলমাত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০** এর বরাবরে পৌঁছাতে হবে।

(খ) হাতে হাতে কোনো আবেদনপত্র দাখিল করা যাবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(গ) প্রার্থীকে নিজ বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" × ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে উহাতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে।

২৮। উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২৭ এ বর্ণিত** শর্তসমূহ পূরণকারী Non-Resident Bangladeshi (NRB) গণও আবেদন করতে পারবেন। এই ক্ষেত্রে প্রার্থীকে Non-Resident Bangladeshi (NRB) হিসেবে প্রমাণপত্রের ছায়ালিপি সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন হতে সত্যায়িত করে আবেদনের সঙ্গে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

২৯। উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২৭ এ বর্ণিত** শর্তসমূহ পূরণকারী তৃতীয় লিঙ্গের প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

৩০। পুলিশ ভেরিফিকেশন ফরম DMTCL এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd-এ পাওয়া যাবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ০৩(তিন) কপি পুলিশ ভেরিফিকেশন ফরম যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে দাখিল করতে হবে।

৩১। প্রথমে ০১(এক) বৎসরের প্রবেশনে (শিক্ষানবিশকাল) নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে কর্মসক্ষমতা ও দক্ষতা এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরি হতে অব্যাহতি দেয়া হবে। প্রবেশনকাল সফলতার সঙ্গে সম্পন্ন করলে চাকুরী নিশ্চিত করে প্রকল্প মেয়াদের জন্য নিয়োগ প্রদান করা হবে।

02-02-2022

**মো: আফতাব হোসেন খান**
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট